

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
উপপরিচালকের কার্যালয়  
খুলনা বিভাগ, খুলনা।

**বিভাগীয় দপ্তর এ অনুষ্ঠিত এপ্রিল/২৪ মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**


সভাপতি: জনাব সিফাত মেহনাজ  
উপপরিচালক(উপসচিব)  
সভার তারিখ: ০৪ এপ্রিল, ২০২৪  
সভার সময়: বেলা: ১১.০০ ঘটিকা  
স্থান: সম্মেলন কক্ষ, কৃষি বিপণন ভবন, খুলনা।  
উপস্থিতি: পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে, ২০২৩-২৪ অর্থ বছরের নৈতিকতা কমিটির ৪র্থ সভার কাজ আরম্ভ করেন। বিগত ১৫ জানুয়ারি, ২০২৪ তারিখের অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী, গৃহীত কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি সভায় পাঠ করে শোনান হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন না থাকায় সর্বসম্মতভাবে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	২০২৩-২৪ অর্থ বছরের শুল্কচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	২০২৩-২৪ অর্থ বছরের শুল্কচার কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন সফল ভাবে দাখিল করা হয়েছে। অতঃপর ২০২৩-২৪ অর্থ বছরের জন্য জাতীয় শুল্কচার কর্মপরিকল্পনা অনুযায়ী ৪র্থ ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অর্জনের সকল কার্যাদি যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে সভাপতি মহোদয় কর্তৃক সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।	মাঠ ও বাজার পরিদর্শক
২.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	২০২৩-২৪ অর্থ বছরের শুল্কচার কর্মপরিকল্পনা অনুযায়ী ০২টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। যার মধ্যে ০১টি সভা ২য় কোয়ার্টারে সম্পন্ন করা হয়েছে। ২য় সভাটি ৪র্থ কোয়ার্টারে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মাঠ ও বাজার পরিদর্শক
৩.	বাজেটের যথাযথ ব্যবহার	২০২৩-২৪ অর্থ বছরে ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাজেট ব্যয় সম্পন্ন করতে হবে। কাগজ শাস্ত্র করার জন্য ব্যবহৃত কাগজে খসড়া প্রিন্ট দিতে হবে। বিধি মোতাবেক বাজেট ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মাঠ ও বাজার পরিদর্শক এবং হিসাবরক্ষক
৪.	আসবাবপত্র মেরামত	যে সকল আসবাবপত্র মেরামত যোগ্য সেগুলি প্রতিস্থাপন না করে মেরামত করে পুনরায় ব্যবহারের উপযোগী করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মাঠ ও বাজার পরিদর্শক এবং হিসাবরক্ষক
৫.	বৈদ্যুতিক মিটার স্থানান্তর	অত্র কার্যালয়ের বৈদ্যুতিক মিটারটি কার্যালয়ের বাউন্ডারির বাইরে অবস্থিত হওয়ায় মিটারটি কার্যালয়ের মধ্যে স্থানান্তর করার জন্য বিদ্যুত অফিসকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	আহবায়ক, সংশ্লিষ্ট মনিটরিং কমিটি
৬.	চতুর্থ শ্রেণীর কর্মচারীর অফিস সাজ পোষাক পরিধান	অত্রাফিসের সকল ৪র্থ শ্রেণীর কর্মচারীর সাজ পোষাক নিয়মিত পরিধান করছে। এ ধারা অব্যাহত রাখা নিশ্চিত করতে হবে।	মাঠ ও বাজার পরিদর্শক
৭.	পরিষ্কার পরিচ্ছন্নতা	অত্র কৃষি বিপণন ভবন এর ২য় তলার ওয়াশরুমগুলি বিভাগীয় অফিস ও সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ ব্যবহার করেন। সে মোতাবেক পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী উভয় অফিস হতে	সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, খুলনা ও হিসাবরক্ষক, খুলনা বিভাগ, খুলনা।

		ব্যবহারের জন্য প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
৮.	শুদ্ধাচার মেনে চলা	অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী কর্তৃক সততা ও নৈতিকতার সাথে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মাঠ ও বাজার পরিদর্শক
৯.	অফিস সরঞ্জাম মেরামত	যে সকল অফিস সরঞ্জাম মেরামত যোগ্য সেগুলি মেরামত করে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়।	মাঠ ও বাজার পরিদর্শক এবং হিসাবরক্ষক
১০.	আবাসিক/প্রশিক্ষণ সেন্টার ব্যবস্থাপনা	আবাসিক কক্ষে আগত অতিথিদের এনআইডি কার্ডের কপি/এনআইডি নম্বর সংরক্ষণ এবং রেজিস্টারে নিয়মিত অতিথিদের মতামত প্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক(প্রশিক্ষণ)

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় অংশ গ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সিফাউ মেহনাজ)

উপপরিচালক (উপসচিব)

কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।

ফোন-০২৪-৭৭৭০২৬৭৫

ই-মেইল- dd\_khudiv@dam.gov.bd

স্মারক নম্বর- ১২.০২.০০৪০.২০০.১২.০০১.২০-৪৬০

তারিখঃ ০৪/০৪/২০২৪খ্রিঃ

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে**

০১) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ফার্মেগেট, খামারবাড়ি, ঢাকা।

**জ্ঞাতার্থে/কার্যার্থে**

- ০১) সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
- ০২) সহকারী পরিচালক(প্রশিক্ষণ), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
- ০৩) সহকারী পরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, উপপরিচালকের কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
- ০৪) মাঠ ও বাজার পরিদর্শক, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
- ০৫) স্টাফলিপিকার কাম কম্পিউটার অপারেটর, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
- ০৬) হিসাবরক্ষক, কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।
- ০৭) অফিস কপি।